Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জাঙ্গপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস বিক্রেতা ও মেরামতকারক।
নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৩ ইংরাজী 16th May. 1956 { ১ম সংখ্যা




দূরের মানুষ কাছে হয়
ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্‌ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌-জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা।

হ্যানিম্যান হল
খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২রা জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৩ সাল।

## "জঙ্গিপুর সংবাদ" এর ত্রয়শ্চত্বারিংশত্তম বর্ষ-প্রবেশ

—০—

ভগবানের করুণায়, গ্রাহক-পাঠক-বিজ্ঞাপনদাতৃ-বর্গের অনুকম্পায় জঙ্গিপুর সংবাদ তাহার ক্ষীণকায়া লইয়া আজ দ্বিচত্বারিংশ (৪২) বর্ষ অতিক্রম করিয়া ত্রয়শ্চত্বারিংশ (৪৩) বর্ষে পদার্পণ করিল। জঙ্গিপুর মহকুমার মুন্সেফী আদালতের বিচারে যে সম্পত্তি বাকি খাজনা বা খতের দেনায় নিলাম হইবার ব্যবস্থা ছিল, ইংরাজ সরকারের হাইকোর্ট যাহাতে কোন অসৎ, ফন্দীবাজ, ধূর্ত্ত গরীব নিরক্ষর সরল লোকের সম্পত্তি ফাঁকি দিয়া চুপে চাপে নিলাম করাইয়া নকড়া ছকড়ায় নিজে বা নিজের বাধ্য লোকের নামে খরিদ করিয়া লইতে না পারে সেইজন্ত স্থানীয় সংবাদ-পত্রে নিলামের সংক্ষিপ্ত বিজ্ঞাপন প্রকাশ করিবার আদেশ দেন। এই নিলামের বিজ্ঞাপন ছাপিয়া, প্রাপ্ত অর্থে দিনগত পাপক্ষয় করার উদ্দেশ্যে শ্রীশরৎচন্দ্র পণ্ডিত সন ১৩২১ সালে জ্যৈষ্ঠ মাসের প্রথম বুধবারে এই সাপ্তাহিক ক্ষুদ্র "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করেন। যখন তাঁহার বন্ধুগণ তাঁহাকে EDITOR (এডিটর—সম্পাদক) বলিয়া উপহাস করিতেন, তিনি জবাবে বলিতেন—EDITOR আমি তাতে কোন ভুল নাই। তবে লোকে যে বানান করে, সে বানান ঠিক মানানসই নয়, আমার বেলায় ওটা হবে AID-EATER (এইড-ইটার—সাহায্যভোজী)।

কাগজ বাহির করার দেড় বৎসর পর কাম্য নিলাম এর ইস্তাহার প্রকাশ করার অনুমতি পাওয়া [illegible]। "জঙ্গিপুর সংবাদ" প্রকাশিত হওয়ার বহু [illegible]ইতে মুর্শিদাবাদ জেলার বহরমপুর হইতে [illegible]ক (১) প্রতিকার—স্বর্গত [illegible] মহাশয়ের সম্পাদনায়, (২) মুর্শিদাবাদ হিতৈষী—স্বর্গত বনওয়ারীলাল গোস্বামী মহাশয়ের সম্পাদনায় প্রকাশিত হইত। 'প্রতিকার' ৺কামাখ্যাচরণ গঙ্গোপাধ্যায় মহাশয়ের জীবদ্দশাতেই বন্ধ হয়। গোস্বামী মহাশয়ের সুযোগ্য বংশধর শ্রীমণীন্দ্রলাল গোস্বামী এখনও "মুর্শিদাবাদ হিতৈষী"র সম্পাদক ও স্বত্বাধিকারী। ৬৩ বৎসর বয়স্ক মুর্শিদাবাদ হিতৈষীতে জেলার সবজজ আদালত, মুন্সেফী আদালত, লালবাগ মুন্সেফী আদালতের নিলামের ইস্তাহার প্রকাশিত হয়। কান্দী মুন্সেফীর নিলামের ইস্তাহার শ্রীগোপালচন্দ্র সিংহ প্রতিষ্ঠিত, শ্রীদেবেন্দ্রনারায়ণ রায় সম্পাদিত ৩৪শ বৎসর বয়স্ক 'কান্দী বান্ধবে' প্রকাশিত হইয়া আসিতেছে।

"জঙ্গিপুর সংবাদ" প্রায় ৪০ বৎসর এই ইস্তাহার প্রকাশ করিয়া আসিতেছে। মধ্যে একজন মহকুমা শাসকের বে-আইনী কার্য্যের সমালোচনা করার জন্য তদানীন্তন জেলা জজ সাহেব জঙ্গিপুর সংবাদে ইস্তাহার প্রকাশ বন্ধ করিয়া দেন। বাংলা কাউন্সিলে জনৈক সদস্য এই সম্বন্ধে প্রশ্ন করেন। তার পরবর্ত্তী জজ সাহেব 'জঙ্গিপুর সংবাদ'কে তাহার হারানিধি প্রত্যর্পণ করার আদেশ প্রদান করেন। 'জঙ্গিপুর সংবাদ' তদবধি কোন রাজপুরুষ বা রাজকিঙ্করের কার্য্যের সমালোচনা করিতে হইলে শোনা কথা বা গুজবের উপর নির্ভর করে না। কালি কলমে নিজের সমর্থনযোগ্য প্রমাণ পাইলে তাহা প্রকাশ করিয়া থাকে। সাত আট বৎসরের বালককে বিড়ি খাইতে দেখিয়া—বিড়ি সিগারেট বা অন্য কোন মাদক দ্রব্যের বিজ্ঞাপন এবং পুরাতন পুস্তকের দোকানে একখানি প্রায় নূতন চেম্বার্স ডিক্সনারী বার আনা মূল্যে একটি বালককে বিক্রয় করিতে দেখিয়া এবং তাহার নিকট জানিলেন সে সিনেমার টিকিট কিনিবার জন্য দাদার বই চুরি করিয়া আনিয়াছে—শুনিয়া সিনেমার প্রচারপত্রাদি প্রকাশ করিতে 'জঙ্গিপুর সংবাদ' এর প্রতিষ্ঠাতা তাঁহার পুত্রগণকে নিষেধ করিয়া দিয়াছেন।

"জঙ্গিপুর সংবাদের" বার্ষিক মূল্য সডাক ২৲ টাকা তাহার জন্মের সময় নির্দ্ধারিত হইয়াছিল, তাহা আর বৃদ্ধি করা হয় নাই। আমরা যতদূর জানি কোনও সাপ্তাহিক কাগজ বাৎসরিক সডাক ২৲ টাকা মাত্র মূল্যে আর নাই বলিলেই হয়। তবে "এপিফ্যানী"র মত ধর্ম্মপ্রচার বা তদ্রূপ উদ্দেশ্যে প্রকাশিত কাগজ মাত্র ডাকমাশুল লইয়া বিতরণ করা হয়।

---

## নিলাম-ইস্তাহারী কাগজের আভিজাত্য (?)

—০—

"ইস্তাহার" ফারসী শব্দ, ইহার বাংলা মানে "বিজ্ঞাপন"। বিজ্ঞাপন ছাড়া কাগজ খুব কমই আছে। যে সব কাগজের আয়ের পন্থা এই বিজ্ঞাপন প্রকাশ করা তাহাদের সকলেই যে ইস্তাহারী কাগজ, তাহা ভুলিয়া গিয়া জেলা, মহকুমা বা চৌকীর নিলাম এর বিজ্ঞাপন যে সব কাগজে ছাপা হয়, তাহাদের "ইস্তাহারী" বলিয়া খবরের কাগজের সমাজে একটু খাটো করিয়া দেখানো হয়। এই সব কাগজের দশা জীব-জগতে ক্ষুদ্র "মাছরাঙা" পাখীর মত। প্রাচীন সংস্কৃত কবিরা এই ক্ষুদ্র পক্ষীর দরদ লইয়া তাহার মুখ দিয়া নিম্নলিখিত শ্লোকটি বলাইয়াছেন।

সরল-কুরর-কঙ্ক-
হংস-কাদম্ব-নক্র-
অহি-নকুল-মনুষ্যাঃ
কে ন খাদন্তি মৎস্যান্
অহমতি তনুজীবী
ক্ষীণ মীনোপভোগী
জগতি বিদিত মেতৎ-
মৎস্যরঙ্গঃ কলঙ্কী।

অর্থ—সরলপাখী, কুররপাখী, কাঁকপাখী, হাঁস, কাদম্ব (কলহংস), কুমীর, সাপ, বেজী, মানুষ, ইহাদের কে মাছ খায় না! আমি অতি ক্ষুদ্রজীব, ছোট ছোট মাছ খাই। আমার নামের সঙ্গে "মাছ" শব্দ যোগ করিয়া "মাছরাঙা" নামকরণে কলঙ্ক আরোপ করা হইয়াছে।

বিজ্ঞাপন (ইস্তাহার) যাঁহারা প্রকাশ করেন, তাঁহারা প্রায় জানেন ইহাতে কি পরিমাণ খোশামোদ করিতে হয়। ক্ষুদ্র "জঙ্গিপুর সংবাদ" বহুদিন হইতে ঘোষণা করিয়াছে—ইহাতে খোশ পাইবেন, আমোদ পাইবেন কিন্তু এক সঙ্গে খোশামোদ পাইবেন না। শুভকামগণের শুভেচ্ছাই আমাদের পাথেয়।

---

## যুক্তিহীন সংযুক্তি সং ( সঙ্ )-এ পরিণত

মুখ্যমন্ত্রী ডাঃ বিধান রায় হঠাৎ তাঁহার শাসিত রাজ্যকে কোন্ মুখ্য বা গৌণ কারণে বিহারের সহিত মিলাইবার প্রস্তাব করিলেন? সেই প্রস্তাবকে ভারতের প্রধান মন্ত্রী সুমহান্ প্রস্তাব বলিয়া বর্ণনা করিলেন। অমৃতসহরে জাতীয় কংগ্রেস সেই প্রস্তাবকে আশীর্ব্বাদ করিলেন তাহা বোঝা গেল না। পশ্চিম বাংলার জনগণ তাঁহাদের প্রত্যেকের ক্ষুদ্র শক্তি সংহতি দ্বারা বানচাল করিয়া দিল। চারণ কবি ৺মুকুন্দদাস গাহিয়াছেন—

"বিধির বিধান কাটবে তুমি
এমনি শক্তিমান্।
কাঙালের ভাঙাগড়া তোমার হাতে
এতই অভিমান।
শাসনে যত ঘেরো
আছে বল দুর্ব্বলেরো
হওনা কেন যত বড়
আছেন ভগবান।"

---

## নব বর্ষ

॥ শ্রীসু মো-দে ॥

আবার আসিল নূতন বরষ
পুরাতন হল শেষ
জনজীবনের হল কিরে দূর
দুঃখের পরিবেশ?
অধিকারহারা যে জনজীবন
তাদের কষ্ট হল কি মোচন?
রোগ শোক ক্ষুধা অভাবে মগন
কেন যে ছিন্নবেশ?
জনমত হায় শাসনে পীড়িত
জনজীবনও চরণদলিত!
ধনিক উদর আরো বেড়ে স্ফীত
এই কি পুণ্য দেশ?
আজি হোক পণ জাতীয় জীবনে
ঘুচাব দুঃখ ক্লেশ,
সমাজবাদের শক্ত বনেদে
গড়িব জাতি ও দেশ।

---

## উদ্বাস্তু অবস্থার প্রমাণ

পশ্চিমবঙ্গ সরকার স্থির করিয়াছেন যে কোন প্রকার পুনর্বাসন-সংক্রান্ত সাহায্য উদ্দেশ্যে কাহারও উদ্বাস্তু অবস্থার সন্তোষজনক ভাবে প্রমাণিত হইয়া গেলে পুনর্বাসন-সংক্রান্ত অন্য প্রকার সাহায্য লাভের জন্য পুনরায় এই সম্পর্কে প্রমাণ দিবার প্রয়োজন হইবে না। উদাহরণ স্বরূপ বলা যাইতে পারে যে, কোন উদ্বাস্তু যদি পূর্বে গৃহ নির্ম্মাণের জন্য ঋণ পাইয়া থাকেন এবং তিনি যদি পুনরায় ছোট খাট ব্যবসায়ের জন্য ঋণের দরখাস্ত করেন, এ কথা বিশ্বাস করার সঙ্গত কারণ না থাকিলে তাঁহাকে নিজেকে উদ্বাস্তু অবস্থা সম্বন্ধে পুনরায় প্রমাণ দিতে হইবে না।

—প্রেসনোট

---

## পাকিস্থান হইতে আগত উদ্বাস্তু বয়স ও ফি সম্পর্কিত বিশেষ সুবিধা

সরকারী চাকুরিতে ভর্ত্তির জন্য পাকিস্থান হইতে আগত উদ্বাস্তুগণ বয়স পরীক্ষার ফি সম্পর্কে ১৯৫৫ সালের ডিসেম্বরের শেষ পর্য্যন্ত বিশেষ সুবিধা ভোগ করিতেন; পশ্চিমবঙ্গ সরকার স্থির করিয়াছেন যে কতিপয় শর্ত্ত সাপেক্ষে উক্ত সুবিধা ১৯৫৬ সালের ডিসেম্বরের শেষ পর্য্যন্ত বজায় থাকিবে। এই জন্য তাঁহাদের ভারতে আগমনের তারিখ কোন বাধার সৃষ্টি করিবে না।

—প্রেসনোট

---

## বিজ্ঞপ্তি

বঙ্গীয় মিউনিসিপ্যাল ( সংশোধিত ) আইনের ১৫৫ ধারা মতে জঙ্গীপুর মিউনিসিপ্যালিটীর করদাতাগণকে অবগত করান যাইতেছে যে ডিম্যাণ্ড বিল জারীর তারিখ হইতে ৩০ দিনের মধ্যে যদি সেই কোয়ার্টারের ট্যাক্স মিউনিসিপ্যাল অফিসে আদায় দেন তাহা হইলে টাকা প্রতি ৶৬ ছয় পাই হিসাবে রিবেট (কমিঃ) বাদ পাইবেন। আর যদি উক্ত মেয়াদ মধ্যে আদায় না দেন তাহা হইলে আদায়কালতক মাসিক টাকা প্রতি ৶১ এক পাই হিসাবে সুদ অতিরিক্ত দিতে হইবে। ১৯৫৬ সালের ১লা এপ্রিল হইতে এই নিয়ম বলবৎ হইয়াছে।

শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়
চেয়ারম্যান,
জঙ্গীপুর মিউনিসিপ্যালিটী।
১।৪।৫৬

---

## TENDER NOTICE.

Sealed tenders are invited for submission by 21. 5. 56. upto 4 P. M. for execution of the following works :

1. Improvement of the Raghunathganj Burning Ghat.

2. Repair of the road from the house of Bibhuti Majumder upto the South East corner of Criminal Court.

3. Construction of a room on the first floor of the office building including a stair and Septic Tank Latrine cum Urinal.

Specification as to plan, estimate etc. are obtainable in the office of the undersigned during office hours excepting holidays.

Sd/- M. P. Chatterjee,
Chairman, Jangipur Municipality.
15. 5. 56.

---

## বিজ্ঞাপন

আমি ১৯৩৪ খৃষ্টাব্দে আমার জ্যেষ্ঠতাত পুত্র শ্রীবিশ্বেশ্বর ঘোষালের নামে একখানা আমমোক্তারনামা সম্পাদন করিয়াছিলাম। তাহাতে আমার স্বার্থের প্রভূত হানি হইয়াছে। এতদ্বারা সর্ব্বসাধারণকে জানাইতেছি যে উক্ত আমমোক্তারনামা আমি নাকচ, রদ ও বাতিল করিলাম। শ্রীবিশ্বেশ্বর ঘোষাল আমার সম্পত্তি সম্বন্ধে বা আমার পক্ষে কোন কার্য্য করিতে পারিবে না ও তাহার কো[illegible] কার্য্য দ্বারা আমি বাধ্য হইব না। ১৭[illegible]৫৬

শ্রী[illegible]প্রসাদ ঘোষাল

সি. কে. সেনের আর একটি

## অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

**সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ**

জবাকুসুম হাউস, কলিকাতা ১২



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট. পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।